গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৮/১২/২০২০ খ্রি.

## ২০১৯ সনের অনার্স ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৯ সনের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

**নিয়মিত/অনিয়মিত ছাত্রীদের পরীক্ষার ফি**

| বিষয়ের নাম | পরীক্ষার ফি |
|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা | ২,৬৫৫.০০ |
| পদার্থবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি | ২,৯৩৫.০০ |
| উদ্ভিদবিদ্যা, রসায়ন | ২,৯১৫.০০ |
| প্রাণিবিদ্যা, ভূগোল ও পরিবেশ | ২,৮৬০.০০ |
| গণিত, মনোবিজ্ঞান | ২,৭৮৫.০০ |
| পরিসংখ্যান | ৩,৬২০.০০ |

**গ্রেড/মান উন্নয়ন পরীক্ষার ফি**

| বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| ১ পত্র | ১,৪৫৫.০০ |
| ২ পত্র | ১,৬৫৫.০০ |
| ৩ পত্র | ১,৮৫৫.০০ |
| ৪ পত্র | ২,০৫৫.০০ |
| ৫ পত্র | ২,২৫৫.০০ |
| গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ব্যবহারিক পত্র থাকলে ১দিনের ব্যবহারিকের জন্য ১৩০/- টাকা ও পরবর্তী প্রতিদিনের জন্য ৭৫/- টাকা সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার দিন জমা দিতে হবে। | |

**পরীক্ষার আবেদন ফরম পূরণ ও ফি জমা দানের শেষ তারিখ: ১০/০১/২০২১ খ্রি.**

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

**১. অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7College.du.ac.bd) Formfilup বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যের ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০৮/০১/২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

**২. ফরম পূরণের ফি জমা দেয়াঃ**

কলেজের নিজস্ব ওয়েব সাইট www.edencollege.eshiksabd.com এ প্রবেশ করে "edenstudent" ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করতে হবে। পরবর্তী নির্দেশনা অনুযায়ী তথ্য সরবরাহ করে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের পর ডাচ্‌বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং 'রকেট' অথবা "নেক্সাস পে" এ্যাপসের মাধ্যমে ডাচ্‌বাংলা ব্যাংকের যে কোন একাউন্ট হতে ফি পরিশোধ করা যাবে। পরীক্ষার ফরম পূরণে কোন সমস্যা দেখা দিলে দ্রুত সময়ে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

**৩) পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী**

ক) **নিয়মিতঃ** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নিয়মিত শিক্ষার্থী যারা ২০১৮ সনের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে এবং ৩য় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে যাদের ডাটা ওয়েবসাইটে দেয়া আছে কেবলমাত্র সে সকল শিক্ষার্থী ২০১৯ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) **অনিয়মিতঃ** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৭ ও ২০১৮ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০১৯ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) **গ্রেড উন্নয়ন/মানোন্নয়নঃ** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ হয়েছে তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০১৮ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৯ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাদিক বার গ্রেড উন্নতকরণের সুযোগ পাবে না। কোন পরীক্ষার্থী যদি গ্রেড উন্নত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

৪। বিভাগের করণীয়ঃ

(ক) অনলাইনে ফরম পূরণ ও ফি জমা সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যায় ছাত্রীদের দ্রুততম সময়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

(খ) কোন ছাত্রী অনার্স ৩য় বর্ষে ভর্তি না হয়ে থাকলে ভর্তির বিজ্ঞপ্তি অনুযায়ী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(গ) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে Formfilup লিংক এ গিয়ে কলেজ লগ-ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরম পূরণের ফিস পরিশোধ হয়ে থাকলে এবং শিক্ষার্থী ৩য় বর্ষে পরীক্ষায় অংশগ্রহণের শর্ত পূরণ করলে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে। পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন।

ঘ) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণঃ অনার্স ৩য় বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণের সময়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৫-১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ হার্ডকপি ও সফ্ট কপি কলেজের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

28.12.2020

(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থেঃ

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাক।

৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

৫। সংরক্ষণ নথি।